

নিরাপদ
কর্মপরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা
২৩, ২৪ কারওয়ান বাজার, বিএফডিসি ভবন, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

এগিয়ে যাচ্ছে
বাংলাদেশ

নম্বর: ৪০.০১.০০০০.১০১.১১.০০২.১৭.১৬০

তারিখ: ২১ কার্তিক ১৪২৪

০৫ নভেম্বর ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১৯-০৩-২০১৭ তারিখের ৮০.১০৫.০১১.৪০.০০৪.০৬৬.২০১৬-৫০ নং স্মারকে সুপারিশকৃত এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১২-১০-২০১৭ তারিখের ৪০.০০.০০০০.০২০.১১.০৪.১৩-৬১৭ নং স্মারকের নিয়োগ সংক্রান্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে ২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত শর্তাধীনে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর দশম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- টাকার বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ী ভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের দ্বিতীয় শ্রেণির 'শ্রম পরিদর্শক (সাধারণ)' পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	প্রার্থীর নাম	নিয়োগকৃত পদ	জন্ম তারিখ	নিজজেলা	কোটা
০১	মো: আনোয়ারুল ইসলাম	শ্রম পরিদর্শক (সাধারণ)	০৮-০৪-১৯৮৭	ঢাকা	মুক্তিযোদ্ধা পোষ্য কোটা

২। চাকরির শর্তসমূহ:

- (ক) বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছর তাঁর চাকুরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে এবং সরকার প্রয়োজন মনে করলে এ শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও ০২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবে।
- (খ) শিক্ষানবিশকালে আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই চাকুরি হতে অপসারণ করা যাবে।
- (গ) এ পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হলে চাকুরি স্থায়ী করা হবে।
- (ঘ) এ পদে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ দ্বারা চাকুরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য হবে।
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থী পিতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রকাশিত গেজেটে নাম সংশোধন না হলে পরবর্তীতে চাকুরি স্থায়ীকরণ করা হবে না।
- (চ) বর্ণিত প্রার্থীর পিতা গেজেটভুক্ত/সনদপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হলেও এ জাতীয় গেজেট ও সনদ মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই-বাছাই অন্তে সঠিক প্রমাণিত না হলে তিনি তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত হবেন এবং গৃহীত সমুদয় আর্থিক সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- (ছ) প্রার্থীর পিতার নাম ইস্যুকৃত সাময়িক সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই-বাছাই অন্তে সঠিক প্রমাণিত হলে এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে নিয়মিত প্রত্যয়ন পাওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তা দাখিল করতে হবে। অন্যথায় তার চাকুরি স্থায়ী করা হবে না।

(জ) এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-তে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

৩। যোগদানকালে প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং সনদপত্রের এক সেট সত্যায়িত অনুলিপি সংগে আনতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক

নম্বর: ৪০.০১.০০০০.১০১.১১.০০২.১৭.১৬০/১(১১)

তারিখ: ২১ কার্তিক ১৪২৪
০৫ নভেম্বর ২০১৭

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২) সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ৩) অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম-সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪) পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা, (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) যুগ্ম-মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন/স্বাস্থ্য/সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৭) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) উপমহাপরিদর্শক, সেইফটি শাখা/প্রশাসন ও উন্নয়ন/সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৯) হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০) তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো)।
- ১১) মো: আনোয়ারুল ইসলাম, পিতা-মো: নুরুল ইসলাম, এ-২৬, উত্তর তালবাগ, সাভার-১৪৩০, সাভার, ঢাকা।



৫-১১-২০১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক